**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**25 MAY 2025** **7:45 PM IST**

===========================================================

১) আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উত্তর-পূর্বাঞ্চলের ভূয়সি প্রসংশা ।
২) উত্তর-পূর্ব উন্নয়ন মন্ত্রনালয় ও বস্ত্র মন্ত্রনালয়ের সহযোগিতায় এই অঞ্চলের হস্ততাঁত ক্ষেত্রের উন্নয়নের পদক্ষেপ গ্রহণ করা হবে বলে কেন্দ্রীয় বৈদেশিক পরিক্রমা দপ্তরের প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটার প্রকাশ ।
৩) উত্তর-পূর্ব রেলওয়ে সুরক্ষা বাহিনীর বিভিন্ন রেলষ্টেশনে অভিযান চালিয়ে বেশ কয়েকজন অবৈধ বাংলাদেশী নাগরিক গ্রেপ্তার ।
৪) কাছাড়ের অতিরিক্ত জেলা আয়ুক্ত যুবরাজ বরঠাকুরের আজ হায়দ্রাবাদে শেষনিশ্বাস ত্যাগ ।
৫) শিলচর জেলা ক্রীড়া সংস্থার আগামীকাল ৬৯তম প্রতিষ্ঠা দিবস পালনের প্রস্তুতি সম্পন্ন ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশের উত্তর পূর্বাঞ্চলকে অসাধারণ বলে অভিহিত করেছেন । আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানে আজ রাইজিং নর্থ-ইষ্ট শীর্ষ সম্মিলনের প্রসঙ্গ উত্থাপন করে তিনি উত্তর-পূর্বাঞ্চলের ভূয়সী প্রশংসা করেন । সিকিমের পরম্পরাগত হস্ততাঁত-বস্ত্র শিল্পের , আধুনিকতার সঙ্গে

সংমিশ্রন ঘটিয়ে স্থানীয়ভাবে আকর্ষনীয় বস্ত্র সামগ্রী উৎপাদন করা Crafted Fiber নামের প্রতিষ্ঠানটির প্রশংসা করেন । একজন পশু চিকিৎসকের উদ্যোগে ভেড়ার রোম থেকে উৎপাদিত প্রাকৃতিক রং-এর মাধ্যমে আকর্ষনীয় কাপর , মোজা ইত্যাদি প্রস্তুত করা এই প্রতিষ্ঠান স্থানীয় লোকেদের দক্ষতা বৃদ্ধি করে তাদের আত্মনির্ভরশীল করে তুলেছে বলে শ্রী মোদী উল্লেখ করেন ।

অপারেশন সিন্দুর সমগ্র বিশ্বের সন্ত্রাসবাদ বিরোধী যুদ্ধে অংশ নেওয়া লোকেদের আত্মবিশ্বাস বৃদ্ধি করেছে বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী এই অভিযানের সময় দেশের সশস্ত্র বাহিনীগুলির প্রদর্শন করা সাহসিকতার প্রশংসা করেন । সীমান্তের ওপারের সন্ত্রাসবাদীদের ঘাটিসমূহের স্থির লক্ষ্যে আঘাত করে ধ্বংস করা সুনিদৃষ্ট অভিযানের প্রশংসা করে তিনি বলেন যে বর্তমানে সমগ্র দেশ সন্ত্রাসবাদের বিরুদ্ধে ঐক্যবদ্ধভাবে একজোট হয়েছে এবং এর অবসান ঘটানোর জন্য সবাই বদ্ধপরিকর । অপারেশন সিন্দুর শুধুমাত্র একটি সামাজিক অভিযান নয় এই অভিযান দেশবাসীর সাহস এবং সংকল্পবদ্ধতার প্রতিফলন ঘটিয়েছে বলেও তিনি মত প্রকাশ করেন ।

দেশের বিভিন্ন মহানগর সহ ছোট ছোট শহর এবং গ্রামগুলিতেও ত্রিরঙ্গা যাত্রার আয়োজন করার প্রসঙ্গ উত্থাপন করে তিনি বলেন যে সশস্ত্রবাহিনীর সম্মানার্থে হাজার হাজার লোক ত্রিরঙ্গা পতাকা নিয়ে রাজপথে বেরিয়ে এসেছে । সন্ত্রাসবাদ বিরোধী অভিযান অপারেশন সিন্দুরের মাধ্যমে অনুপ্রাণিত হয়ে বহু লোকের কবিতা লেখা ছাড়াও সৃষ্টিশীল কর্ম সহ বিহারের কাটিহার এবং উত্তরপ্রদেশের কুশীনগর সহ বিভিন্ন স্থানে ওই সময়ে জন্ম হওয়া নবজাতকের নাম সিন্দুর রেখেছেন বলে তিনি উল্লেখ করেন । এই অভিযানে সেনাবাহিনীর স্থানীয়ভাবে নির্মীত অস্ত্র-শস্ত্র এবং প্রযুক্তি ব্যবহার করার প্রসঙ্গ উল্লেখ করে এই ক্ষেত্রে তিনি আত্মনির্ভর ভারত অভিযানের কথা স্মরণ করেন ।

ভোকেল ফর লোকেল প্রসঙ্গ উল্লেখ করে তিনি সন্তানদের খেলাধুলার জন্য শুধুমাত্র ভারতে তৈরী পুতুল দেওয়ার জন্য বহু অভিবাবকের গ্রহণ করা সংকল্প , বিবাহের অনুষ্ঠান , ভ্রমণ ইত্যাদি দেশের ভিতরে সীমাবদ্ধ রাখা এবং স্থানীয় শিল্পীর দ্বারা তৈরী সামগ্রী উপহার হিসেবে প্রদান করার সিদ্ধান্তের প্রশংসা  করেন ।

আগামী ২১জুন অনুষ্ঠেয় আর্ন্তজাতিক যোগ দিবসের প্রসঙ্গ উত্থাপন করে প্রধানমন্ত্রী এই অনুষ্ঠানের মাধ্যমে জনসাধারণকে তাদের দৈনন্দিন জীবনযাত্রার সঙ্গে যোগকে একাত্ম করে নেওয়ার কথা পুনরায় স্মরণ করিয়ে দেন ।

আয়ুর্বেদের ক্ষেত্রে বিশ্ব স্বাস্থ্য সংস্থার সঞ্চালক প্রধান ডক্টর টেড্রুস গেব্রেয়েসাসের উপস্থিতিতে গতকাল সম্পাদিত সমঝোতা চুক্তির ফলে আয়ুসকে বিজ্ঞানসম্মত পদ্ধতি বলে গ্রহণ করার ক্ষেত্রে বিশ্বের বৃহৎ সংখ্যক লোকেদের যুক্ত হওয়ার বিষয়টিকে আরো প্রসারিত করবে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন ।

দেশের পরিবেশতন্ত্রের সুরক্ষা প্রদান করা সহ কৃষি ক্ষেত্র এবং পরবর্তী প্রজন্মের সুরক্ষার জন্যও মৌমাছিকে সুরক্ষা প্রদান করা প্রয়োজনীয় বলে মত প্রকাশ করে শ্রী মোদী এই প্রসঙ্গে দেশের কয়েকটি স্থানের মান উল্লেখ করেন ।

---

নতুনদিল্লীতে আয়োজিত রাইজিং নর্থ ইষ্ট বিনিয়োগকারী সম্মেলন ২০২৫  গতকাল সমাপ্ত হয় ।অনুষ্ঠানে অংশ নিয়ে কেন্দ্রীয় বৈদেশিক পরিক্রমা প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা উত্তরপূর্ব উন্নয়ন মন্ত্রনালয় ও বস্ত্র মন্ত্রনালয়ের সহযোগীতায় উত্তর পূর্বাঞ্চলের হস্ততাঁত ক্ষেত্রের উন্নয়নের জন্য কাজ করা হবে বলে জানান ।

কেন্দ্রীয় যুব পরিক্রমা ও ক্রীড়া মন্ত্রী ড: মনসুক মান্ডভিয়া প্রতিবছর উত্তরপূর্বাঞ্চলের আটটি রাজ্যের মধ্যে অন্তত একটিতে খেলো ইন্ডিয়া উত্তরপূর্ব ক্রীড়া মহোৎসবের আয়োজন করা হবে বলে গতকাল এই অনুষ্ঠানে অংশ নিয়ে ঘোষনা করেন । তিনি বলেন যে বিভিন্ন উদ্যমের মাধ্যমে অঞ্চলটিতে  ক্রীড়া ক্ষেত্র শক্তিশলী করে তুলতে সরকার বদ্ধপরিকর ।২০৩০ সালে কমন ওয়েলথ গেমস ও ২০৩৬ সালে গ্রীষ্মকআলীন অলিম্পিক আয়োজনের জন্য লক্ষ্য নির্ধারণ করার বিষয়ে  উল্লেখ করে মন্ত্রী বলেন যে বছরের যেকোনো সময়ে আর্ন্তজাতিক প্রতিযোগীতার আয়োজনের জন্য ভারত উপযুক্ত স্থান ।

---

উত্তরপূর্ব সীমান্ত রেলোয়ের , রেলোয়ে সুরক্ষা বাহিনী অবৈধ বিদেশী নাগরিকদের অনুপ্রবেশের বিরুদ্ধে তাদের সতর্ক এবং সমন্বিত পদক্ষেপের অংশ হিসেবে চলতি বছরের এপ্রিল ও মে মাসে বেশ কয়েকজন বাংলাদেশী নাগরিক এবং তাদের ভারতীয় সহযোগীদের গ্রেপ্তার করেছে । পয়লা মে ও ১৬ ই মে  আর পি এফ  পৃথক অভিযানে মোট  ৬ জন বাংলাদেশী নাগরিক এবং ৬ জন ভারতীয় সহযোগীকে গ্রেপ্তার করেছে । ১৬ ই মে আর পি এফ , আগরতলা / এস আই বি -বদরপুর / এবং বি এস এফ -এ এইচ টিইউ এর সংগে যৌথ অভিযান চালিয়ে আগরতলা রেলোয়া ষ্টেশন থেকে ১ জন পুরুষ ও ১ জন মহিলা সহ ২ জন বাংলাদেশী নাগরিক এবং ৪ জন ভারতীয় দালালকে আটক করেছে ।

এদিকে চলতি বছরের এপ্রিল মাসে আর পি এফ আগরতলা , ভাংগা , ধর্মনগর এবং করিমগঞ্জ রেলোয়ে ষ্টেশনে পৃথক অভিযান চালিয়ে ৩২ জন অবৈধ বাংলাদেশী নাগরিক এবং ১ জন ভারতীয় দালালকে গ্রেপ্তার করেছে । পরবর্তী আইনি ব্যবস্থা গ্রহণের জন্য ধৃত ব্যাক্তিদের সংশ্লিষ্ট জি আর পি আউট পোষ্টে হস্তান্তর করা হয়েছে ।

---

কাছাড় পুলিশ শিলচরের কাছে সোণাবারী ঘাট বাইপাস এলাকায় অভিযান চালিয়ে একটি চারচাকার বাহন থেকে প্রায় ১ কেজি ৩৩৯ গ্রাম হেরোইন জব্দ করা সহ তিনজন সরবরাহকারীকে আটক করেছে । জব্দ করা হেরোইনের বাজার মূল্য প্রায় ৬ কোটি হবে বলে পুলিশ সূত্রে জানানো হয়েছে । সূত্রে জানানো হয়েছে যে বাহনটি মণিপুরের চূড়াচান্দপুর থেকে তিনদিন আগে রোয়ানা হয়েছিল । পুলিশ বিষয়টি সম্পর্কে তদন্ত অব্যাহত রেখেছে ।পুলিশ সুপার নোমাল মাহাত্তা বলেন ---

বাইট -----

---

কাছাড়ের অতিরিক্ত জেলা আয়ুক্ত যুবরাজ বরঠাকুর আজ শেষনিশ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিল ৪৫ । চিকিৎসাধীন অবস্থায় আজ বিকেল ৩টে নাগাদ হায়দ্রাবাদের এ আই জি হাসপাতালে তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন । কাছাড় জেলার এই সক্রিয় আধিকারিকের অকাল মৃত্যুর খবর ছড়িয়ে

পরার সঙ্গে সঙ্গে সমগ্র বরাক উপত্যকায় শোকের ছায়া নেমে আসে । নিসন্তান বরঠাকুর মৃত্যুকালে স্ত্রী সহ রেখেগেছেন আত্মীয় স্বজন ও অসংখ্য গুণমুগ্ধ । বিস্বস্ত সূত্রে জানা গেছে যে কয়েক বছর আগে তার শরীরে প্যানক্রিয়াস রোগ ধরে পড়ে তবে চিকিৎসা মাধ্যমে তিনি ক্রমশ সুস্থ হয়ে ওঠছিলেন । কিছুদিন আগে গত পঞ্চায়েত নির্বাচনের সময় তিনি পুনরায় অসুস্থ হলে তাকে শিলচরের একটি বেসরকারী হাসপালে ভর্তী করা হয় এবং পরবর্তী সময়ে উন্নত চিকিৎসার জন্য তিনি হায়দ্রাবাদে যান । আজ হঠাৎ তার শারীরিক অবস্থার অবনতি হলে সঙ্গে সঙ্গে তাকে আই সি ইউ-তে স্থানান্তরিত করা হয়ে তবে চিকিৎসকদের সব চেষ্টা ব্যার্থ করে যুবরাজ বরঠাকুর বিকেল ৩টে নাগাদ শেষ নিশ্বাস ত্যাগ করেন ।

২০২২ সালে ভয়াবহ বন্যার সময় কাছাড় জেলা দুর্যোগ মোকাবিলা কতৃপক্ষের প্রধান কার্যনির্বাহক হিসেবে তিনি দায়িত্বভার পালন করেন । এর আগে তিনি হাইলাকান্দি সদর সার্কাল আধিকারিক হিসেবেও কাজ করেন । তার আকাল প্রয়ানে বরাক উপত্যকার বিভিন্ন সংস্থা ও সংগঠন শোক প্রকাশ করেছে ।

---

শিলচর জেলা ক্রীড়া সংস্থার ৬৯তম প্রতিষ্ঠা দিবস আগামীকাল বিভিন্নে কার্য্যসূচীর মধ্য দিয়ে পালন করা হবে । এ উপলক্ষ্যে আগামীকাল জেলা ক্রীড়া সংস্থা প্রাঙ্গনে আসাম ফুটবল এসোসিয়েশনের সাধারন সম্পাদক সংগ্রাম ব্রহ্ম ফুটবল একাডেমীর উদ্বোধন করবেন । এছাড়া বিকেলে জেলা ক্রীড়া সংস্থা সভাপতি বনাম জেলা ক্রীড়া সংস্থা সচিব একাদশের মধ্যে একটি প্রদর্শনী ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হবে ।

---

আমরা বাঙালী আসাম রাজ্য কমিটির প্রচার সচিব আবুল কালাম বাহার আজ সকালে চুড়াইবারী কাঠালতলী দুবাগ গ্রামে তার নিজ বাড়ীতে শেষ নি:শ্বাস ত্যাগ করেন । তিনি দীর্ঘদিন থেকে ক্যান্সার রোগে ভুগছিলেন । আবুল কালাম বাহার ১৯৯১ সালে আমরা বাঙালীর মনোনীত প্রার্থী হিসেবে পাথারকান্দি থেকে প্রতিদ্বন্দিতা করেছিলেন । এছাড়া তিনি নানাধরণের সামাজিক কাজের সংগে যুক্ত ছিলেন । তার মৃত্যুতে আমরা বাঙালী আসাম রাজ্য কমিটির পক্ষ থেকে গভীর শোক প্রকাশ করা হয়েছে । দলের রাজ্য সচিব সাধন পুরকায়স্থ তার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন ।এদিকে ত্রিপুরা রাজ্য কমিটির সচিব গৌরাংগ রুদ্রপাল এক শোক বার্তায় তাকে একজন যোদ্ধা বলে অভিহিত করেছেন ।কোলকাতা থেকে আমরা বাঙালীর কেন্দ্রীয় কমিটির সচিব জ্যোতি বিকাশ সিনহা তার মৃত্যুতে গভীর শোক ব্যক্ত করেছেন ।

---

শিলচর শহর সংলগ্ন অরুনাচল রেল স্টেশনে গতকাল সন্ধ্যায় রেলের ধাক্কায় এক রেল কর্মীর মৃত্যু হয়েছে । মৃত ব্যাক্তি রেলের গেংম্যান হিসেবে কর্মরত ছিলেন । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে আগরতলা এক্সপ্রেস ট্রেনটি শিলচর থেকে এসে অরুনাচল স্টেশনে ঢোকার সময় কর্তব্যরত অবস্থায় ঔই ব্যাক্তি ট্রেনের নীচে পড়ে যান । মৃত ব্যাক্তি শিলচর বিধানসভা কেন্দ্রের অর্ন্তগত কুমারপারা গ্রামের বাসিন্দা ছিলেন ।

---